



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

স্মারক নং- জাতীঃবিঃ/পরীঃ/অনার্স পাট-০৪/২০২০/২০২১/৩০২৬


তারিখঃ ২৭/১২/২০২১ ইং

২০২০ সালের অনার্স চতুর্থ বর্ষ পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী ২০২০ সালের অনার্স ৪র্থ বর্ষ নিয়মিত, অনিয়মিত এবং ২০২০ সালের অনার্স ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষা প্রকাশিত কেন্দ্র তালিকা অনুযায়ী একই প্রশ্নপত্রে একই সময়সূচী অনুযায়ী আগামী ২৯/১২/২০২১ ইং তারিখ থেকে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

নির্দেশনা :

- ক) কলেজ কর্তৃপক্ষ আসন বিন্যাসের জন্য এক কপি পরীক্ষার্থী বিবরণী ও কেন্দ্র ফি বাবদ আদায়কৃত পরীক্ষার্থী প্রতি ৪৫০/- টাকার মধ্যে ১৫০/- টাকা নিজ পরীক্ষা সংক্রান্ত কাজের জন্য রেখে পরীক্ষার্থী প্রতি ৩০০/- টাকা হারে মোট টাকা পরীক্ষা শুরুর তিন দিন পূর্বে সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরীক্ষার্থীর বিবরণী সহ জমা দেবেন।
- খ) বিশেষ পরীক্ষার পরীক্ষার্থী প্রতি এক পত্রের জন্য আদায়কৃত ২০০/- টাকার মধ্যে ৫০/- টাকা এবং একাধিক পত্রের জন্য আদায়কৃত ৩০০/- টাকার মধ্যে ১০০/- টাকা নিজ পরীক্ষা সংক্রান্ত কাজের জন্য রেখে পরীক্ষার্থী প্রতি ১৫০/- এবং ২০০/- টাকা হারে মোট টাকা পরীক্ষা শুরুর তিন দিন পূর্বে সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরীক্ষার্থীর বিবরণী সহ জমা দেবেন।
- গ) শুধুমাত্র বিশেষ পরীক্ষার্থীদের উত্তরপত্রের উপরে কভার পৃষ্ঠার ০১ নং ক্রমিক এ অনার্স ৪র্থ বর্ষ বিশেষ পরীক্ষা অবশ্যই লিখতে হবে। বিশেষ পরীক্ষার্থীদের প্রবেশপত্র ও হাজিরাপত্রে “বিশেষ” কথাটি উল্লেখ করা হয়েছে।
- ঘ) সকল উত্তরপত্র পূর্বেও নিয়মে বিষয় ও কোর্সওয়ারী একসাথে প্যাকেট করে প্রেরণ করতে হবে। বিশেষ পরীক্ষার্থীদের উত্তরপত্র এবং OMR পৃথক ভাবে প্রেরণের প্রয়োজন নেই।
- ঙ) উত্তরপত্রের প্যাকেটের কাপড়ের উপরের অংশে “অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২০ লিখতে হবে।



(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

ফোনঃ- ০২-৯২৯১০১৭

Email: Controller@nu.ac.bd